গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

**২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | তরফদার মোঃ আক্তার জামীল<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) |
| সভার তারিখ | **২৯ জুলাই ২০২৪ খ্রি.** |
| সভার সময় | **সকাল : ১১.০০ টা** |
| স্থান | **অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মহোদয়ের অফিস কক্ষ** |
| উপস্থিতি | **পরিশিষ্ট 'ক'** |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সদস্য সচিব জানান যে, এ কার্যালয়ের ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন এবং নিজ অফিস ও আওতাধীন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ করা প্রয়োজন। ২০২৪-২৫ অর্থবছর থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি nis.cabinet.gov.bd সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে মর্মে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী ও এর আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সকল সদস্যকে সুচিন্তিত মতামত প্রকাশের অনুরোধ জানানো হয়।
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কার্যক্রমের বিষয়ে এ কার্যালয়ের পরিবীক্ষণ কমিটির পর্যালোচনা তুলে ধরা হয়। অতপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন :** সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার বিষয়ে উল্লেখ রয়েছে। | এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্ব/২০২৪) মেয়াদে হালনাগাদপূর্বক এ কার্যালয়ের ওয়েবসাইটে আগামী ৩০ সেপ্টেম্ব ২০২৪ মধ্যে আবশ্যিকভাবে আপলোড করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>সাধারণ শাখা<br>অত্র কার্যালয় |
| ২. | **ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূবর্ক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ:** ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য বলা হয়েছে। আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ অনুযায়ী এ বিভাগের জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করে দেখা যায় যে, এ বিভাগের সকল জেলার সেবা প্রদান প্রতিশ্রুতির সেবাসমূহকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা** ও **অভ্যন্তরীণ সেবা** হিসেবে তিন ভাগে বিভক্ত করে ৮ কলামের নির্ধারিত ফরম্যাটে প্রস্তুত করা হয়েছে। **তবে রাজশাহী, নওগাঁ জেলা ব্যতীত অন্য ৬টি জেলা প্রশাসকের কার্যালয়ের (নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা ও সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট) সেবা প্রদান প্রতিশ্রুতি ১ম ত্রৈমাসিক** (জুলাই-সেপ্টেম্ব/২৪ মেয়াদে) এ হালনাগাদ পাওয়া যায়নি। | সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা ২০২৪-২৫ অনুযায়ী হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরসহ ১ম ত্রৈমাসিক **(জুলাই-সেপ্টেম্ব/২৪ মেয়াদে)** স্ব স্ব ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | **জেলা প্রশাসক, (নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট)** |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন :** সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ অনুযায়ী এ বিভাগের জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে ১টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করার বিষয়ে উল্লেখ রয়েছে। আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে ১টি প্রশিক্ষণ/সেমিনার/ কর্মশালা আবশ্যিকভাবে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা এ কার্যালয় |
| ৪. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা:** সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা রয়েছে। তদপ্রেক্ষিতে, আগামী সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা এ কার্যালয় |
| ৫. | **বিবিধ:** ২০২৪-২৫ অর্থবছরে থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি nis.cabinet.gov.bd সফটওয়্যারে আপলোডের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়সমূহের একজন অতিরিক্ত জেলা প্রশাসক, একজন সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ও সহকারী প্রোগ্রামারসহ মোট ৩ (তিন) জন কর্মকর্তার তথ্য প্রেরণের জন্য পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | সুশাসন কার্যক্রমের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে nis.cabinet.gov.bd সফটওয়্যারে ত্রৈমাসিক অগ্রগতি ও প্রমাণক আপলোডের নিমিত্তি ৩ (তিন) জন কর্মকর্তার তথ্য প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা এ কার্যালয় |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮-০৮-২০২৪



তরফদার মোঃ আক্তার জামীল
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
০২৫৮৮৮৫৭৭৭৫ (ফোন)
adldivcomgrajshahi@mopa.gov.bd


তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৩.০০০০.০১২.০১.০০২.২৪.৪১৭

অনুলিপি সদয় অবগতি/ অবিগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৩। যুগ্মসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ ;
৪। যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৫। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ;
৬। সহকারী কমিশনার, সাধারণ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৭। সিনিয়র সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৮। সিনিয়র সহকারী কমিশনার, উন্নয়ন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৯। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
১০। সিনিয়র সহকারী কমিশনার, হিসাব ও নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।



০৮-০৮-২০২৪
তরফদার মোঃ আক্তার জামীল
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)